তারিখ 26 MAR 1988
পৃষ্ঠা ৫ কলাম ৩

দৈনিক বাংলা



## শিক্ষা মন্ত্রণালয় সমীপে

গত ১২-১১-৮৭ ইং তারিখে মুন্সীগঞ্জ জেলার শ্রীনগর কলেজ ও শ্রীনগর উচ্চ বালিকা বিদ্যালয়কে জাতীয়করণ করার ঘোষণার প্রেক্ষিতে মহাপরিচালক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতর বাংলাদেশ, ঢাকা থেকে ১৯-১২-৮৭ ইং তারিখে ২২০১৫/৭ নং পত্রের মাধ্যমে উক্ত বিদ্যালয়ের আর্থিক দায়-দায়িত্ব এবং কোন প্রকার ব্যয়বৃদ্ধি সংক্রান্ত পদক্ষেপ যেমন নতুন শিক্ষক-শিক্ষিকা/কর্মচারী নিয়োগ, পদোন্নতিদান, শিক্ষকদের বেতন বৃদ্ধি, স্থাবর-অস্থাবর সম্পত্তি হস্তান্তর ইত্যাদি যাবতীয় বিষয়ে কার্যক্রম গ্রহণের ব্যাপারে ১২-১১-৮৭ ইং তারিখ থেকে নিষেধাজ্ঞা আরোপ করা হয়। কিন্তু শ্রীনগর উচ্চ বালিকা বিদ্যালয়ের পরিচালনা পরিষদের সভাপতি সহ-সভাপতি ও বেশীর ভাগ অভিভাবক প্রতিনিধির অনুপস্থিতিতে বিদ্যালয় কর্তৃপক্ষ শিক্ষা অধিদফতরের উক্ত নিষেধাজ্ঞা ও উপস্থিত পরিচালনা পরিষদের সদস্যদের মতামত সম্পূর্ণরূপে উপেক্ষা করে গত ৭-১২-৮৭ ইং তারিখে অনভিজ্ঞ পাঁচজন শিক্ষক ও অন্যান্য কর্মচারীকে নিয়োগ করেন। এ অনিয়মের বিরুদ্ধে শ্রীনগর উপজেলা চেয়ারম্যানের নিকট আবেদন করা হলে ৫-১-৮৮ ইং তারিখে উপজেলা ম্যাজিস্ট্রেট ও ভারপ্রাপ্ত সহকারী কমিশনার সরেজমিনে বিষয়টি তদন্ত করেন। তদন্তে নিয়োগদানে অনিয়ম ও অবৈধতা ধরা পড়ে। অতএব এই অবৈধ ও অনিয়মিত নিয়োগ বাতিল করে সুষ্ঠু শিক্ষার স্বার্থে যোগ্য ও অভিজ্ঞ শিক্ষক-শিক্ষিকা নিয়োগ করার জন্য অথবা নিরপেক্ষ ইন্টারভিউর মাধ্যমে যোগ্য ও অভিজ্ঞ শিক্ষক নিয়োগের ব্যবস্থা করার জন্য শিক্ষা দফতরের প্রতি আমরা অনুরোধ জানাচ্ছি।

মজিবর রহমান আবুল হাশেম
মিন্টু, অভিভাবক প্রতিনিধি,
শ্রীনগর উচ্চ বালিকা বিদ্যালয়,
মুন্সীগঞ্জ।